

৫০১১৯



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং-০২

১৩ আষাঢ় ১৪৩১

তারিখ : -----

২৭ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

## দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃ অর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০৭, তারিখ: ১৭ নভেম্বর ২০২২, এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ: ২১ মার্চ ২০২৩ এবং এসিডি সার্কুলার লেটার নং-০৩, তারিখ: ২১ নভেম্বর ২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ কোটি টাকার পুনঃ অর্থায়ন স্কিমটির চাহিদা রয়েছে বিধায় স্কিমটির আওতায় ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

একই সাথে স্কিমের আওতায় যাতে অধিক সংখ্যক প্রকৃত চাষি/খামারি উপকৃত হয় সে লক্ষ্যে ইতোমধ্যে স্কিমটির আওতাভুক্ত খাতসমূহের পাশাপাশি “কন্দাল ফসল” চাষ এবং “ছাগল/ভেড়া/গাড়ল পালন” খাত অন্তর্ভুক্ত করা হলো। এক্ষেত্রে, স্কিমের আওতায় ঋণ বিতরণের পুঞ্জীভূত মাসিক বিবরণী (সংযুক্ত ছক মোতাবেক) পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

সংযোজনী : ১ (এক) পাতা।

আপনাদের বিশ্বস্ত,

(কানিজ ফাতেমা)

পরিচালক (এসিডি)

ফোন: ৯৫৩০১৩৮

